

নির্মাণ কর্মীদের চুক্তিভিত্তিক কাজের দরপত্র
(Labour Contract Work Tender Form)

১) দর প্রদানকারীর নাম :-

২) ঠিকানা :-

৩) কাজের নাম :- কলেজ চৌহদ্দির মধ্যে প্রস্তাবিত **উত্তর-পশ্চিম কোণে পুরাতন কলেজ ভবনের সম্প্রসারণ (একতলা):** প্রথম দফা নির্মাণ কাজে হাতিয়ার পত্র, যন্ত্রপাতি, শাটারিং ইত্যাদির ভাড়া সহ রাজমিস্ত্রী, শাটারিং ও রডের কাজের মজুরি ও আনুষঙ্গিক জিনিসপত্র সরবরাহ।

৪) স্মারক সংখ্যা: **নোটিশ নং SRFC/NWBC/2022-23/2, তারিখ ২৮/০৪/২০২২**

মহাশয়,

উপরোক্ত কাজটির লেবার কন্ট্রাক্টর হিসাবে কাজ করার মতো প্রয়োজনীয় অভিজ্ঞতা ও সঙ্গতি আমার আছে ও আমি কাজটি সুষ্ঠুভাবে নক্সা ও নির্দেশ অনুযায়ী সম্পন্ন করতে আগ্রহী।

নিম্নে বর্ণিত নিয়মাবলী/শর্ত অনুযায়ী কাজটি করার জন্য আনুষঙ্গিক খরচ সহ প্লিন্থ এরিয়া ভিত্তিতে মজুরীর দর প্রদান করিলাম।

নিম্নলিখিত কাজ ও সংশ্লিষ্ট বিষয়গুলো কাজের অন্তর্ভুক্ত থাকবে-

১। লিন্টেল, চাজা, ছাদের বীম ও স্ল্যাব ইত্যাদি বিভিন্ন ধরনের কাজের জন্য রড বাইন্ডিং ও শাটারিং এর কাজ ও ঢালাই এর কাজ করা। সমস্ত R.C.C. ঢালাইয়ের কাজে Concrete Mixer Machine ও Vibrator যথাযথ ভাবে ব্যবহার করা হবে।

২। ছাদের প্যারাপেট ওয়াল (১০ ইঞ্চি পুরু) ও ৫ ইঞ্চি/৩ ইঞ্চি পুরু পার্টিশন দেওয়াল ঠিক মত গাঁথুণীর কাজ সম্পূর্ণ করা।

৩। দরজা জানালার ফ্রেম, স্টীলের জানালা, গ্রীল ইত্যাদি যথা স্থানে ফিট করা।

৪। ভিতর ও বাইরের সিলিং ও দেওয়াল প্লাস্টার করা।

৫। পায়খানা ও বাথরুম বাদে সমস্ত ঘর, বারান্দা, সিড়ি ইত্যাদি স্থানে পেটেন্ট স্টোন মেঝে করা, ড্যাডো, প্লিন্থ ও জানালার শিল নীট সিমেন্ট ফিনিশ করা।

৬। উপরোক্ত কাজ ছাড়াও অন্যান্য আনুষঙ্গিক কাজ ড্রইং মোতাবেক করা।

৭। ২০ ইঞ্চি পর্যন্ত চওড়া ছাজা/শামশেড এর জন্য আলাদা কোনো মাপ অথবা মূল্য হিসাবে আসবে না।

৮। ক্যান্টিলিভার ছাদ ও গাড়ি বারান্দার ছাদের জন্য ছাদের স্কেত্রফল অনুযায়ী আলাদা রেট হবে।

৯। সিড়ির ঘরের জন্য চারদিকে দেওয়াল, দরজা, জানালা ও টিনের চাল লাগানো, প্লাস্টারিং করা ইত্যাদি সম্পূর্ণ কাজের মাপ কভারড এরিয়া অনুযায়ী হবে।

১০। শাটারিং এর কাজের জন্য তক্তা, খুঁটি, পেরেক, প্লাস্টিক পেপার, রড বাধার তার ইত্যাদি সমস্ত জিনিস পত্রের মূল্য, আনা ও নিয়ে যাওয়ার খরচ লেবার কন্ট্রাক্টর বহন করবেন ও তা নিম্নোক্ত দরের অন্তর্ভুক্ত।

১১। কাজ শেষে সমস্ত সাইট পরিষ্কার করা ও ব্যবহার যোগ্য উদ্বৃত্ত মালপত্র নির্দেশ মতো গুছিয়ে রাখতে হবে।

১২। কলেজ কতৃপক্ষ সময় মতো সমস্ত মালপত্র যথা ইট, বালি, পাথর, রড সিমেন্ট ইত্যাদি কাজের সাইটে ১০০ ফুট দূরত্বের মধ্যে পৌঁছে দিবেন।

১৩। সমস্ত গাঁথুনির কাজ, প্লাস্টার, ঢালাই ইত্যাদি সময় মতো অন্ততঃ সাতদিন ধরে জলে ভিজিয়ে কিওরিং এর কাজ ঠিকাদার করবেন।

১৪। সমস্ত ঢালাইয়ের কাজে Concrete Mixer Machine ও Vibrator ঠিকাদার নিজ খরচে ও যথা সময়ে ব্যবস্থা করবেন।

১৫। প্রয়োজনীয় আইটেম অনুযায়ী সমস্ত নির্মাণ কাজ P.W.D. Schedule-এ বর্ণিত Specification অনুযায়ী করা হবে।

অন্যান্য শর্তাবলী :-

১। কাজের শুরু থেকে প্রতি সপ্তাহে কাজের অগ্রগতি অনুযায়ী আনুপাতিক হারে পার্ট পেমেন্ট দিতে হবে।

২। প্রতিটি পর্যায়ের কাজের শেষে ঐ অংশের কাজের মূল্য মাপ অনুযায়ী মিটিয়ে দিতে হবে।

৩। চুক্তি ও নির্ধারিত কাজের বাইরে কোনো কাজ করতে হলে তার মূল্য প্রকৃত মজুর নিয়োগ অনুযায়ী দিতে হবে। দৈনিক মজুরীর হার (৭ ঘন্টা কাজ) ক. দক্ষ মিস্ত্রীটাকা
খ. অর্ধ দক্ষ মিস্ত্রীটাকা গ. সাধারণ মজুরটাকা

তাৎ-
স্থান-

দর প্রদানকারী লেবার কন্ট্রাক্টরের স্বাক্ষর সীল

নির্মাণ কর্মীদের চুক্তিভিত্তিক কাজের দরপত্র	
বিবরণ	দর প্রতি বর্গফুটটাকা
ছাদের মাপ	কথায়

বিঃদ্র:- শুধুমাত্র ছাদের পরিমাপের ভিত্তিতে দর পত্র প্রদান করতে হবে (সেক্ষেত্রে সিঁড়ির ছাদের দর উপরে প্রদত্ত ছাদের মাপের ১.৫ গুণ এবং ক্যান্টিনিবার ছাদ/গাড়ি বারান্দা উপরে প্রদত্ত ছাদের মাপের .৭৫ গুণ হিসাবে ধরা হবে।)	

তাৎ-
স্থান-

দর প্রদানকারী লেবার কন্ট্রাক্টরের স্বাক্ষর সীল